

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
 বাংলাদেশ হজ্জ অফিস
 মক্কা আল-মোকাবেস, সৌদি আরব।

স্মারক নং- ১৬.০৪.০০০০.০০০.০৭.০১১.২০১৪-৫৭৮

তারিখঃ ৩১ মে, ২০২২ খ্রিঃ

বিষয়: জমজম পানি হজ্জ পূর্ব ফিরতি (খালি) ফ্লাইটে বাংলাদেশে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হজ্জ ১৪৪৩হিঃ (২০২২ খ্রিঃ) উপলক্ষে হজ্জযাত্রী প্রতি ৫.০০ (পাঁচ) লিটার হারে জমজম পানি হজ্জ ও ওমরা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত কোম্পানীর মাধ্যমে জেদ্দা ও মদিনা বিমানবন্দর হয়ে দেশে প্রেরণ করা হয়। বিগত বছরগুলোতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর হজ্জযাত্রীদের পানি হজ্জপূর্ব ফিরতি ফ্লাইটে হজ্জের পূর্বে বাংলাদেশে নিয়ে যাওয়া হত। সৌদি অ্যারাবিয়ান এয়ারলাইন্সের হজ্জযাত্রীদের জমজম পানি হজ্জ পরবর্তী হজ্জযাত্রীদের নির্ধারিত ফ্লাইটে পরিবহন করা হত। এ বছর বিমান বাংলাদেশ এয়ারলাইন্স তাদের হজ্জযাত্রীদের জমজম পানি হজ্জ পূর্ব ফিরতি ফ্লাইটে পরিবহন করে ঢাকায় জমা রাখবেন এবং হজ্জ পরবর্তীতে ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর হতে হজ্জযাত্রীদের সরবরাহ করা হবে। সৌদি অ্যারাবিয়ান এয়ারলাইন্সের হজ্জযাত্রীদের জমজম পানি হজ্জ পূর্ব ফিরতি (খালি) ফ্লাইটে পরিবহন করা হবে না কি হজ্জ পরবর্তী হজ্জযাত্রীদের নির্ধারিত ফ্লাইটে পরিবহন করা হবে এ বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন। সে অনুযায়ী ই-হজ্জ সিস্টেমে জমজম পানির অর্ডার দিতে হবে এবং অর্থ পরিশোধ করতে হবে।

এমতাবস্থায়, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর ন্যায় সৌদি অ্যারাবিয়ান এয়ারলাইন্স ও ফ্লাইনাস তাদের হজ্জযাত্রীদের জমজম পানি কোন পদ্ধতিতে পরিবহন করবেন (হজ্জ পূর্ব ফিরতি ফ্লাইট, নাকি হজ্জ পরবর্তী হজ্জযাত্রীদের নির্ধারিত ফ্লাইটে) সে বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ জাহিরুল ইসলাম)
 কাউন্সেলর (হজ্জ)

সচিব

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
- ২। অতিরিক্ত সচিব (হজ্জ), হজ্জ অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মান্যবর কনসাল জেনারেল, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।
- ৪। পরিচালক, পরিচালক এর দপ্তর, হজ্জ অফিস, ঢাকা।
- ৫। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ৭। সভাপতি/মহাসচিব, হাব।
- ৮। অফিস কপি।